



## উপজেলা পরিক্রমা

### সোনাতলা

বগুড়া, ১ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— বগুড়া জেলা সদর থেকে প্রায় ১৫ মাইল উত্তর পূর্বে উপজেলা সোনাতলার অবস্থান। একটি জনবসতিপূর্ণ, সমস্যাবহুল জনপদের নাম সোনাতলা। ৬টি ইউনিয়ন পরিষদের সমন্বয়ে গঠিত এ উপজেলার সর্বমোট আয়তন ৫,০৬২ বর্গমাইল। ক্ষুদ্র এ উপজেলার লোকসংখ্যা ১ লাখ ১৭ হাজার।

#### শিক্ষা

এ উপজেলার শিক্ষিতের হার মাত্র শতকরা ১৮.৯০ জন। সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৫০টি, এ ছাড়া রয়েছে ১৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, যা দীর্ঘদিন থেকে সরকারী অনুমোদন লাভের অপেক্ষায় রয়েছে। মাধ্যমিক শিক্ষার জন্য রয়েছে ১২টি উচ্চ বালক-বালিকা বিদ্যালয়, উচ্চ বালিকা বিদ্যালয় (স্বতন্ত্র) ১টি, উচ্চশিক্ষার জন্য ১টি মাত্র সরকারী কলেজ রয়েছে। এ ছাড়া রয়েছে ১টি প্রাথমিক প্রশিক্ষণ কেন্দ্র এবং মাদ্রাসা রয়েছে ১৭টি।

#### স্বাস্থ্য

স্বাস্থ্য ক্ষেত্রে এ উপজেলা অত্যন্ত পশ্চাদপদ। এখানে একটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স রয়েছে, সেখানেও রোগীদের নানা দুর্ভোগ পোহাতে হয়, আসন সংখ্যার স্বল্পতা, প্রয়োজনীয় ওষুধের সংকট প্রভৃতি নানা সমস্যা বিরাজিত। অধিকাংশ সময় এখানকার

রোগীদের বাইরে থেকে ওষুধ কিনতে হয়। এখানে মাতৃমর্দল কেন্দ্র ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে।

#### যোগাযোগ

এখানকার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত অনুন্নত। ট্রেন যোগাযোগ রয়েছে। এ উপজেলায় কোন পাকা রাস্তা নেই। যাতায়াতের জন্য যাত্রীসাধারণকে একমাত্র ট্রেনের উপরই নির্ভর করতে হয়। জেলা শহরের সাথে উন্নত কোন সড়ক যোগাযোগ নেই।

#### কৃষি

কৃষিনির্ভর এই উপজেলায় মোট জমির পরিমাণ ৩১ হাজার ৮৪০ একর। এর মধ্যে আবাদী জমির পরিমাণ হলো ৮ হাজার ৭শ' ৭০ একর। এরমধ্যে ২৪০ একরে আউশ, ১৮০০ একরে আমন, ১৫০০ একরে বোরো, ৪০০ একরে আখ, ৬৫০ একরে গম, ১৪০০ একরে আলু, সরিষা ৫০০ একর ও পাট ২,৯৮০ একরে উৎপাদিত হয়। এই উপজেলায় একটি সরকারী পাট ক্রয় কেন্দ্র রয়েছে, দু'টি বেসরকারী ক্রয় কেন্দ্র রয়েছে।

#### বিনোদন

শিল্প-সংস্কৃতির দিক থেকে উপজেলাটি পশ্চাদপদ। এখানে একটি সিনেমা হল রয়েছে। উপজেলায় বিদ্যুতের ব্যবস্থা রয়েছে। তবে লোডশেডিং-এর কারণে অধিকাংশ সময় এলাকা অন্ধকারাচ্ছন্ন থাকে।